গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর
দিনাজপুর জেলা কার্যালয়
জেলা প্রশাসকের কার্যালয়, দিনাজপুর।
www.dncrp.gov.bd

## জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে গঠিত নৈতিকতা কমিটির ২য় সভার কার্যবিবরণী।

সভার সভাপতি : জনাব মমতাজ বেগম
সহকারী পরিচালক
সভার তারিখ ও সময়: ২৮-১২-২০২১ খ্রি:, মঙ্গলবার; সকাল ১১.০০ঘটিকা।
সভার স্থান : সভাপতি মহোদয়ের কক্ষ
সভার উপস্থিত তালিকা : সংযুক্ত "ক"

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভার শুরুতে সভাপতি বিগত সেপ্টম্বর/২০২১ মাসে অনুষ্ঠিত ১ম সভার কার্যবিবরনীসহ ২য় সভার আলোচ্য সূচী উপস্থাপন করেন।দাপ্তরিক শুদ্ধাচার নিশ্চিত করার অভিপ্রায় নিয়ে কাজের স্বচ্ছতাকে অধিকতর স্পষ্ট ও দৃশ্যমান করতে এবং বর্তমান ২০২১-২০২২ বছরের লক্ষ্যমাত্রা অনুযায়ী কাঙ্খিত ফলাফল অর্জনে বিভিন্ন স্টেক হোল্ডারদের সহযোগিতা গ্রহন এবং দাপ্তরিক কার্যক্রমের গতিশীলতা আনয়নের জন্য সভায় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নে বিভিন্ন গুরুত্বপূর্ণ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।

২। সিদ্ধান্ত: শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে গৃহীত কার্যক্রম নিম্নরূপ:

ক) এপিএ লক্ষ্যমাত্রা অনুযায়ী ২০২১-২০২২ অর্থ বছরের লক্ষ্যমাত্রানুযায়ী বাজার তদারকী কার্যক্রম পরিচালনা সম্পন্ন হয়েছে এবং সে অনুযায়ী অভিযানের ক্ষেত্র চিহ্নিত করে প্রস্তুত থাকা। দপ্তরের সকল কার্যক্রমে স্বচ্ছতা নিশ্চিতকরণে প্রত্যেক বিষয়ে রেজিস্টার মেইনটেইনসহ দপ্তরের সকল কর্মকর্তা/কর্মচারী সরকারী কর্মচারী আছরন বিধিমালা আইন ২০১৮ মেনে দাপ্তরিক কর্যক্রম পরিচালনা করবেন।

খ) প্রাপ্ত অভিযোগসমূহ সিটিজেন চার্টারে প্রদত্ত সময়সীমা অনুসারে নিস্পত্তি করা।অভিযোগকারীকে অভিযোগ দায়েরে সহযোগিতা করা সহ শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের ক্ষেত্রে চিহ্নিত অন্তরায়সমূহের বিষয়ে আলোকপাত ও সমাধানের জন্য উর্দ্ধতন কর্তৃপক্ষের সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে।

গ) এ কার্যালয়ের ওয়েবপোর্টাল নিয়মিত হালনাগাদ কার্যক্রম চলমান রাখা ও প্রত্যেক কার্যক্রমের নোটিশ এবং তথ্যসমূহ সময়ে সময়ে আপলোড করা। দাপ্তরিক পত্র আদান প্রদানের ক্ষেত্রে ইফাইলিং এর মাধ্যমে অধিকতর পত্র বিলি ব্যবস্থা নিশ্চিত করা।

ঘ)অত্র কার্যালয়ের অফিস সহকারীকে চাকুরী বিধিমালার বিভিন্ন গুরুত্বপূর্ণ বিষয়ে প্রশিক্ষণ প্রদানসহ আইসিটি বিষয়ে দক্ষতা বৃদ্ধির জন্য সহকারী প্রোগ্রামার আইসিটি দিনাজপুর এর সাথে নিয়মিত যোগাযোগ রক্ষা করার জন্য নির্দেশণা প্রদান করার সিদ্ধান্ত গ্রহন করা হয়।এছাড়াও শুদ্ধাচার এ বর্ণিত বিভিন্ন বিষয় এর যে লক্ষ্যমাত্রা নির্ধারন করা হয়েছে তা বাস্তবায়নে সর্বোচ্চ সহযোগীতা প্রদানের নির্দেশ প্রদান করা হয়।

ঙ। কর্মচারীর কর্মদক্ষতা বৃদিধকরণের জন্য জেলা প্রশাসকের কার্যালয়ের আয়োজিত বিভিন্ন প্রশিক্ষণে অংশগ্রহনসহ বিভিন্ন প্রশিক্ষনে প্রেরণের ব্যবস্থা যাতে নেয়া যায় সে ব্যাপারে উর্দ্ধতন কর্তৃপক্ষের সাথে আলোচনা করা। প্রধান কার্যালয় থেকে প্রাপ্ত ডেস্ক ক্যালেন্ডারসমূহ প্রত্যেক দপ্তরে পৌছেঁ দেবার ব্যবস্থা করা।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মমতাজ বেগম)
সহকারী পরিচালক
ও
সভাপতি
জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন কমিটি
জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, দিনাজপুর।
টেলিফোন: ০৫২৩-৬৬৭১১
ad-dinajpur@dncrp.gov.bd

স্মারক নম্বর-২৬.০৪.৫৫২৭.৬০৩.০৫.০০২.২০২১. ২৭৩(০৪) তারিখ :২৮/১২/২০২১খ্রিঃ।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

০১। উপপরিচালক, জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, রংপুর বিভাগীয় কার্যালয়, রংপুর।

০২। জেলা বাজার কর্মকর্তা, কৃষি বিপণন অধিদপ্তর, দিনাজপুর।

০৩। অফিস নথি।

28/12/21

(মমতাজ বেগম)
সহকারী পরিচালক
জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর
দিনাজপুর জেলা কার্যালয়,দিনাজপুর